# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯২২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আমরা যে সংখ্যা উল্লেখ করলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই সংখ্যার উপর ক্ষ্যান্ত থাকতেন না যে, এর চেয়ে বেশি ইস্তিগফার করতেন না

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الْعَدَدَ الَّذِي ذَكَرْنَاهُ لَمْ يَكُنِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْتَصِرُ عَلَيْهِ حَتَّى لَا يَزِيدَ عَلَيْهِ

---

আরবী

922 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثنا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ مَهْدِيٍّ عَنْ سُفْيَانَ عَنْ أَبي إسحاق عن عبيد الله بن [المغيرة] أَبِي الْمُغِيرَةِ عَنْ حُذَيْفَةَ قَالَ: كُنْتُ رَجُلًا ذَرِبَ اللِّسَانِ عَلَى أَهْلِي فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي خَشِيتُ أَنْ يُدْخِلَنِي لِسَانِي النَّارَ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَأَيْنَ أَنْتَ عَنِ الِاسْتِغْفَارِ؟ إِنِّي لَأَسْتَغْفِرُ اللَّهَ فِي الْيَوْمِ مئة مرة)

الراوي : حُذَيْفَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 922 | خلاصة حكم المحدث:. ضعيف.

বাংলা

৯২২. হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আমার পরিবারের ব্যাপারে কঠোর ভাষী ছিলাম। ফলে আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার তো ভয় হয় যে, আমার জবান আমাকে জাহান্নামে প্রবেশ করাবে!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বলেন, “তবে তুমি ইস্তিগফার থেকে কোথায় থাকো? নিশ্চয়ই আমি দিনে একশ বার ইস্তিগফার করি।”[1]

قَالَ أَبُو إِسْحَاقَ: فَذَكَرْتُهُ لِأَبِي بُرْدَةَ فَقَالَ: ((وأتوب)).

আবূ ইসহাক বলেন, “অতঃপর আমি হাদীসটি আবূ বুরদাহকে বললে তিনি হাদীসে আরেকটু বাড়িয়ে বলেন, “এবং তাঁর কাছে তাওবা করি।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৩৯৭; হাকিম: ১/৫১১; নাসাঈ, আমালুল ইয়াওমি লাইলাহ: ৪৫১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (আর রওযুন নাযীর: ২৮০।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89427

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন